পুষ্পবনে পুষ্প নাহি, আছে অন্তরে ।
পরানে বসন্ত এল কার মন্তরে ॥
মুঞ্জরিল শুষ্ক শাখী,    কুহরিল মৌন পাখি,
বহিল আনন্দধারা মরুপ্রান্তরে ॥
দুখেরে করি না ডর,    বিরহে বেঁধেছি ঘর,
মনোকুঞ্জে মধুকর তবু গুঞ্জরে ।
হৃদয়ে সুখের বাসা,    মরমে অমর আশা,
চিরবন্দী ভালোবাসা প্রাণপিঞ্জরে ॥

---

Parjaay: Prem, Taal: Ar-khemta, Raag: Lalit Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail